**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**
**কুষ্টিয়া শাখা , কুষ্টিয়া ।**

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স একতা এগ্রো ফুড প্রোডাক্টস, প্রোপ্রাইটরঃ মোঃ মতিয়ার রহমান, পিতা: মৃত আকিজ উদ্দিন প্রধান, মাতা:মোছাঃ মেহেরজান নেছা, ব্যবসায়িক ঠিকানা:সাং-খাজানগর,কবুরহাট,ডাকঘর-জগতি,থানা ও জেলা-কুষ্টিয়া, বর্তমান ঠিকানা: সাং-খাজানগর,কবুরহাট,ডাকঘর-জগতি,থানা ও জেলা-কুষ্টিয়া, স্থায়ী ঠিকানা-সাং-খাজানগর,কবুরহাট,ডাকঘর-জগতি,থানা ও জেলা-কুষ্টিয়া, কর্তৃক ইউসিবি, কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ৰমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০.০৬.২০১৭ ইং তারিখ পর্যন্ৰ ব্যাংকের পাওনা মোট ১,৮৩,৫১,৯৭৩.৪২ (এক কোটি তিরাশি লক্ষ একান্ন হাজার নয়শত তিয়াত্তর দশমিক চার দুই) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উলেস্নখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১। জেলা-কুষ্টিয়া, থানা-কুষ্টিয়া সদর,মৌজা-বড় আইলচারা, জে.এল নং-৫৫,(এস.এ) ও ৪৪ (আর.এস), এস.এ খতিয়ান নং-৯৮৮ ও ৯০৪, এস.এ দাগ নং-৬৮১৫ ও ৭৩২৩,আর.এস খতিয়ান নং-৩৭১, ২৩৪২, আর.এস খারিজ খতিয়ান নং-৩৭১/১, ৩১৩৮, আর.এস দাগ নং-১৩১০৮, ১৩২৭৯, জমির পরিমাণ ২৩.৯০ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনদি ।

২। জেলা-কুষ্টিয়া, থানা-কুষ্টিয়া সদর,মৌজা-কবুরহাট, জে.এল নং-৫৪,(এস.এ) ও ৪২ (আর.এস), এস.এ খতিয়ান নং-৫১৬ ও ৩৭৮, এস.এ দাগ নং-৯২৭ ও ৯৩১, আর.এস খতিয়ান নং-২১৪,১৫১/১,১০৬২/১ ও ১০৮০ আর.এস খারিজ খতিয়ান নং-১৫১/১, আর.এস দাগ নং-১০৪৪, ১০৭২,১০৭৩,১০৭৪ ও ১০৮২, জমির পরিমাণ ১৮.৪৮ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনদি ।

৩। জেলা-কুষ্টিয়া, থানা-কুষ্টিয়া সদর,মৌজা-বড় আইলচারা, জে.এল নং-৫৫,(এস.এ) ও ৪৪ (আর.এস), এস.এ খতিয়ান নং-৯০৪, এস.এ দাগ নং-৭৩২৩ ও ৭৩২০,আর.এস খতিয়ান নং- ২৩৪২ ও ১৬৭৯, আর.এস খারিজ খতিয়ান নং- ৩১৩৮, আর.এস দাগ নং-১৩২৭৩, ১৩২৭৮, ১৩২৮০ ও ১৩২৭৯, জমির পরিমাণ ৪৭.৫০ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনদি।

৪। জেলা-কুষ্টিয়া, থানা-কুষ্টিয়া সদর,মৌজা-বড় আইলচারা, জে.এল নং-৫৫,(এস.এ) ও ৪৪ (আর.এস), এস.এ খতিয়ান নং-৯০৪, এস.এ দাগ নং-৭৩২৩ ,আর.এস খতিয়ান নং- ২৩৪২ , আর.এস খারিজ খতিয়ান নং-৩১৩৮, আর.এস দাগ নং-১৩২৮১, জমির পরিমাণ ১০.০০ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনদি।

৫। জেলা-কুষ্টিয়া, থানা-কুষ্টিয়া সদর, মৌজা-বড় আইলচারা, জে.এল নং-৫৫,(এস.এ) ও ৪৪ (আর.এস), এস.এ খতিয়ান নং-৯৮৮, এস.এ দাগ নং-৬৮১৫ ,আর.এস খতিয়ান নং- ৫৭৪ , আর.এস খারিজ খতিয়ান নং- ৩৭১/১, আর.এস দাগ নং-১৩০৭৩, ১৩১০৯, ১৩১১৩, ১৩১১৭, ১৩১১৯, জমির পরিমাণ ১৩.২৫ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনদি।

### নিলামের শর্তাবলী ঃ-

১। আগামী ২৯.০৮.২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুষ্টিয়া শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুষ্টিয়া শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপৰ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুষ্টিয়া শাখা।**